



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি)
আইইবি ভবন (১২তম তলা), রমনা, ঢাকা-১০০০।
www.eprc.gov.bd



নম্বর: ২৭.০৩.০০০০.০০০.০০০.৯৩.০০০১.২২.৮


তারিখ: ১৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০১ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

ইন্টার্নশিপ প্রোগ্রামে আবেদনের বিজ্ঞপ্তি

গবেষণা ও উন্নয়নের মাধ্যমে দেশে বিদ্যুৎ ও জ্বালানি খাতের উৎকর্ষতা আনয়ন ও জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল কাজ করে যাচ্ছে। বিদ্যুৎ ও জ্বালানি খাতে দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়নের নিমিত্ত উক্ত খাতের গবেষণা, গবেষণার মাধ্যমে প্রযুক্তির উন্নয়ন ও উৎকর্ষতা সাধন, নতুন প্রযুক্তির উদ্ভাবন, জাতীয় ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন গবেষক ও বিজ্ঞানীদের গবেষণা কার্যে সম্পৃক্তকরণের লক্ষ্যে কাউন্সিল বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে। পেশাগত উৎকর্ষ সাধনে আগামী প্রজন্মকে উদ্বুদ্ধ করার জন্য বিইপিআরসি'র বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে দক্ষতা অর্জনের সুযোগ হিসেবে বিইপিআরসি-তে ইন্টার্নশিপ প্রোগ্রাম শুরু হতে যাচ্ছে। উক্ত প্রোগ্রামে ইন্টার্নকে পূর্ণকালীন কর্মের অরিয়েন্টেশন ও অভিজ্ঞতা প্রদান করা হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ইন্টার্নশিপ নীতিমালা-২০২৩ এর আলোকে এই প্রোগ্রামের জন্য নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলীর ভিত্তিতে ৬ (ছয়) মাস মেয়াদী ইন্টার্নশিপ প্রোগ্রামে অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

যোগ্যতা	আবেদনের পদ্ধতি ও শর্তাবলী
<p>১। আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।</p> <p>২। যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিদ্যুৎ ও জ্বালানি সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি (ইঞ্জিনিয়ারিং) অথবা বিদ্যুৎ ও জ্বালানি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক/ স্নাতকোত্তর/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা বর্ণিত পরীক্ষায় অবতীর্ণ (Appeared) হতে হবে।</p> <p>৩। স্নাতক/ স্নাতকোত্তর/ সমমান ডিগ্রি অর্জনের ২ (দুই) বছরের মধ্যে আবেদন করতে হবে।</p> <p>৪। আবেদনকারীকে কম্পিউটার ব্যবহারে দক্ষ হতে হবে।</p> <p>৫। আবেদনকারীর বাংলা ও ইংরেজী ভাষাগত দক্ষতা ভালো হতে হবে।</p> <p>৬। আবেদনকারীকে নতুন দক্ষতা অর্জনে আগ্রহী, পরিশ্রমী ও অধ্যাবসায়ী হতে হবে।</p> <p>৭। আবেদনকারী ইন্টার্নশিপে সুযোগ লাগ করলে সাপ্তাহিক কার্যদিবসের সকাল ০৯:০০ টা হতে বিকাল ০৫:০০ টা পর্যন্ত ইন্টার্নশিপ ব্যতিত অন্য কোন শিক্ষা/ প্রশিক্ষণ/ চাকুরীতে সম্পৃক্ত থাকতে পারবেন না।</p> <p>৮। এই ইন্টার্নশিপ একটি স্বতন্ত্র প্রোগ্রাম, এর সাথে বিইপিআরসি এর অন্য কোন প্রশিক্ষণ সরাসরি সম্পৃক্ত নয়।</p> <p>৯। আবেদনের সর্বশেষ তারিখ: ০৫/০২/২০২৬ খ্রি.</p>	<ul style="list-style-type: none">আগ্রহী প্রার্থীদের জীবন বৃত্তান্ত এবং নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান হতে অনাপত্তি সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ চেয়ারম্যান, বিইপিআরসি বরাবর নির্ধারিত গুগল আবেদন ফর্ম পূরণের মাধ্যমে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।প্রোগ্রামের মেয়াদ ০৬ (ছয়) মাস।প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মৌখিক পরীক্ষায় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীদের ইমেইলে অবহিত করা হবে।পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।নিয়মিত কর্মসম্পাদনের জন্য ইন্টার্নদের মাসিক জনপ্রতি ১০,০০০/- (দশ হাজার) টাকা ভাতা প্রদান করা হবে।ইন্টার্ন বাছাইয়ের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।জনপ্রশাসন মন্ত্রণালয় এর ইন্টার্নশিপ নীতিমালা-২০২৩ এবং এ সংক্রান্ত বিভিন্ন প্রজ্ঞাপনের আলোকে ইন্টার্ন পরিচালিত হবে। নীতিমালার অনুচ্ছেদ ১২(গ) মোতাবেক ঘোষণাপত্র প্রদান করতে হবে।

আবেদনের লিংক: <https://eprc.portal.gov.bd/site/page/cf7d496f-eb0a-4280-ac29-1a3e09aa7485>


০১-০১-২০২৬
গৌতম বাউড়ে
কাউন্সিল সচিব (উপসচিব)